দৈনিক জনকণ্ঠ

APR. 12 2002

# গোপালগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ভার্সিটি বন্ধের প্রতিবাদে প্রতীক গণঅনশন

গোপালগঞ্জ, ১১ এপ্রিল, নিজস্ব সংবাদদাতা ॥ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ার প্রতিবাদে বৃহস্পতিবার স্থানীয় পৌরপার্কে এক প্রতীক গণঅনশন কর্মসূচী পালিত হয়। জেলা ওয়ার্কার্স পার্টির উদ্যোগে সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত এ কর্মসূচী পালন করা হয়। এ ছাড়া জেলা ওয়ার্কার্স পার্টি শিক্ষা মন্ত্রণালয় বরাবর একটি স্মারকলিপি জেলা প্রশাসকের মাধ্যমে প্রেরণ করে।